# ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ

## প্রধান কার্যালয়

১৪৬/১, জাফরাবাদ, শংকর, পশ্চিম ধানমন্ডি, ঢাকা-১২০৭।

ফোনঃ ০২-৪১০২৩২৩৬, ০২-৪১০২৩২৩৭, ই-মেইলঃ dkibbd@gmail.com, ওয়েবঃ-www.dkib.org


**৩১/০৮/২০২৪ইং তারিখে অনুষ্ঠিত ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর জাতীয় কমিটির সভার কার্যবিবরণীঃ**

অদ্য ৩১/০৮/২০২৪ইং শনিবার সকাল ১০.০০ ঘটিকায় ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর জাতীয় কমিটির সভা কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকার কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব জিয়াউল হায়দার পলাশ, আহবায়ক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় আহবায়ক কমিটি। সভা পরিচালনা করেন জনাব সৈয়দ জাহীদ হোসেন, সদস্য সচিব, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় আহবায়ক কমিটি।

সভার শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করেন শরীফ মোঃ আব্দুল কাদের, সদস্য, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় আহবায়ক কমিটি, পবিত্র গীতা পাঠ করেন বাবু অলক দাশ, সভাপতি, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, বান্দরবান জেলা শাখা ও পবিত্র ত্রিপিটক পাঠ করেন বাবু সীকু কুমার বড়ুয়া, সাধারন সম্পাদক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, চট্টগ্রাম জেলা শাখা।

গত সভার পর হতে যে সকল ডিপ্লোমা কৃষিবিদ মৃত্যুবরণ করেছেন তাঁদের আত্মার মাগফেরাত কামনা করে এবং বাবু দ্বিপায়ন বড়ুয়া, সভাপতি, পার্বত্য অঞ্চল শাখা ক্যান্সার রোগে আক্রান্ত এবং মোঃ আব্দুল হানিফ, সভাপতি, জয়পুরহাট জেলা শাখা ডেঙ্গু জ্বরে আক্রান্ত সহ যে সকল ডিপ্লোমা কৃষিবিদ অসুস্থ আছেন তাদের সুস্থতা কামনা করে মোনাজাত পরিচালনা করেন জনাব মোঃ নজরুল ইসলাম, সাধারন সম্পাদক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, বগুড়া জেলা শাখা।

সভায় স্বাগত বক্তব্য রাখেন সংগঠনের আহবায়ক জনাব জিয়াউল হায়দার পলাশ। তিনি সকল জাতীয় কমিটির নেতৃবৃন্দকে যথাসময়ে সভায় উপস্থিত থাকার জন্য ধন্যবাদ জানান। ইতোমধ্যে বাংলাদেশের পূর্বাঞ্চল সিলেট ও চট্টগ্রাম বিভাগজুড়ে (চট্টগ্রাম, ফেনী, নোয়াখালী, কুমিল্লা, মৌলভীবাজার, হবিগঞ্জ, লক্ষীপুর) সহ যে সকল এলাকায় মহাদূর্যোগ আকারে বন্যা দেখা দিয়েছে এবং যে সকল এলাকায় বন্যার পানি নেমে যেতে শুরু করেছে সে সকল এলাকায় কর্মরত সকল ডিপ্লোমা কৃষিবিদ উপ-সহকারী কৃষি কর্মকর্তাদেরকে বন্যায় ক্ষতিগ্রস্থ কৃষকদের বন্যাত্তোর কৃষি পূনর্বাসনে প্রযুক্তিগত সকল প্রকার সাহায্য ও সহযোগিতা করার আহ্বান জানান।

তিনি যথা সময়ে নির্বাচন কার্যক্রম শেষ করার জন্য জাতীয় কমিটি ও আহবায়ক কমিটির সকল নেতৃবৃন্দকে সহযোগিতা করার জন্য আহবান জানান। তিনি উচ্চধাপে বেতন নির্ধারণ সংক্রান্ত কার্যক্রমের সর্বশেষ অবস্থা, সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/সমমান পদে পদায়ন, বি.সি.এস. কৃষি ক্যাডারের প্রারম্ভিক পদে (কোটা ভিত্তিক) পদোন্নতি, নিয়োগবিধি পরিবর্তন এবং ১০ম গ্রেড বেতনস্কেল ও ২য় শ্রেণীর পদমর্যাদার গেজেট প্রকাশ সহ চলমান কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা করেন। অনতিবিলম্বে ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর প্রধান কার্যালয়ে নতুন বিদ্যুৎ সংযোগের ব্যবস্থা গ্রহনের জন্য মাননীয় মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক অনাপত্তি পত্র প্রদান এবং মাননীয় সচিব, কৃষি মন্ত্রণালয়ের আশু হস্তক্ষেপ কামনা করেন। অতঃপর তিনি সদস্য সচিব মহোদয়কে জাতীয় কমিটির সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন।

সদস্য সচিব সৈয়দ জাহীদ হোসেন উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে জাতীয় কমিটির সভার কার্যক্রম শুরু করেন। তিনি গত সভার পর হতে অদ্যাবধি যে সকল সাংগঠনিক কার্যক্রম গ্রহণ করা হয়েছে তার উপর বিস্তারিত আলোচনা করেন। অদ্যকার সভার আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনায় অংশ গ্রহনের জন্য জাতীয় কমিটির সকল নেতৃবৃন্দকে অনুরোধ করেন।

অতঃপর গত ১৭/০৮/২০২৪ইং তারিখের জাতীয় কমিটির কার্যবিবরণী সভায় উপস্থাপনের পর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।

সভায় আলোচ্যসূচীর উপর আলোচনা ও পর্যালোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হলোঃ-

সিদ্ধান্ত-০১ঃ ইতোমধ্যে বাংলাদেশের পূর্বাঞ্চল সিলেট ও চট্টগ্রাম বিভাগজুড়ে (চট্টগ্রাম, ফেনী, নোয়াখালী, কুমিল্লা, মৌলভীবাজার, হবিগঞ্জ, লক্ষীপুর) সহ দেশের বিভিন্ন এলাকায় মহাদুর্যোগ বন্যা দেখা দিয়েছে এবং কিছু এলাকায় বন্যার পানি নেমে যেতে শুরু করেছে। বন্যা কালীন ও বন্যা পরবর্তী কালীন অসহায় মানুষকে সহযোগিতা করার জন্য জাতীয় কমিটির নেতৃবৃন্দের সর্বসম্মতিক্রমে সদস্য প্রতি ২০০/- টাকা হারে অনুদান প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখিত টাকা আগামী ০৫ সেপ্টেম্বর-২০২৪ইং তারিখের মধ্যে ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর সঞ্চয়ী হিসাব নং-৪১০২০৩১০০৪৬১৯, বাংলাদেশ কৃষি ব্যাংক, খামারবাড়ি শাখা, ঢাকায় পাঠানোর জন্য অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০২ঃ (ক) ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর নির্বাচন-২০২৪ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) বিগত ২৫/০৮/২০২৪ইং তারিখে প্রধান নির্বাচন কর্মকর্তা পদত্যাগ পত্র দাখিল করায় অদ্য ৩১/০৮/২০২৪ইং তারিখে জাতীয় কমিটির সভায় উক্ত পদত্যাগপত্র অনুমোদন করা হয়। ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর নির্বাচন-২০২৪ সম্পন্নের লক্ষ্যে অদ্য জাতীয় কমিটির সিদ্ধান্ত মোতাবেক নির্বাচন কমিশন নিম্নরূপ গঠন করা হয়।

ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর নির্বাচন-২০২৪

নির্বাচন কমিশন

| ক্রঃ নং | পদবী | নাম ও পদবী | কর্মস্থল | মোবাইল |
|---|---|---|---|---|
| ০১ | প্রধান নির্বাচন কর্মকর্তা | জনাব মোঃ খায়রুল হাসান প্রধান সিনিয়র সায়েন্টিফিক অফিসার | বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, ঢাকা। | ০১৭১৩-৫৪৪১০৫ |
| ০২ | নির্বাচন কর্মকর্তা | জনাব রাশেদুল হাসান<br>উপ-সহকারী কৃষি কর্মকর্তা | উপজেলা কৃষি অফিস, মুন্সিগঞ্জ সদর, মুন্সিগঞ্জ।<br>প্রেষনেঃ এসসিপিপি-ইএফএ প্রকল্প, খামারবাড়ি, ঢাকা। | ০১৭৫৪-৪৯৫৫৮৮ |
| ০৩ | নির্বাচন কর্মকর্তা | মোঃ এমদাদুল্লাহ<br>উপ-সহকারী কৃষি কর্মকর্তা | উপজেলা কৃষি অফিস, দোহার, ঢাকা।<br>প্রেষনেঃ অতিরিক্ত পরিচালকের কার্যালয়, ঢাকা অঞ্চল, ঢাকা। | ০১৭০৪-৬২২৪১০ |

(খ) ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর নির্বাচন-২০২৪ সম্পন্নের লক্ষ্যে যে সকল সদস্যগণ নবায়ন ফরম ও অনুদানের টাকা কেন্দ্রে প্রেরণ করেন নাই, তাদেরকে অনতিবিলম্বে যথাযথ নিয়মে নবায়ন ফরম ও অনুদানের (জনপ্রতি ২০০/-) টাকা কেন্দ্রে প্রেরণ করে ভোটার তালিকা হাল নাগাদ করার জন্য অনুরোধ করা হলো।

(গ) ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর নির্বাচন-২০২৪ সম্পন্নের লক্ষ্যে যে সকল জেলা/মহানগর/সংস্থা/বিভাগ/অঞ্চল/সংস্থা সমন্বয় শাখা এখনো রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসারের নাম প্রেরণ করেন নাই, সে সকল জেলাকে অতিদ্রুত যথাযথ নিয়মে রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসারের নাম প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৩ঃ ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর সাংগঠনিক ও নির্বাচনী কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য কেন্দ্রীয় আহবায়ক কমিটির নিম্নোক্ত সম্মানিত সদস্যদেরকে দায়িত্ব প্রদান করা হলো। অঞ্চলের সংশ্লিষ্ট জেলা সমূহকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।

| ক্রঃ নং | নাম | পদবী | মোবাইল নম্বর | দায়িত্বরত অঞ্চল | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | মোঃ আব্দুর রহমান | সদস্য | ০১৭১২-৮৭১৭০৬ | বরিশাল, ফরিদপুর | |
| ০২ | মোঃ রুহুল আমিন | সদস্য | ০১৭১৬-১২৬৬৭৩ | রাজশাহী, বগুড়া | |
| ০৩ | শরীফ মোঃ আব্দুল কাদের | সদস্য | ০১৭৮৯-৮৫০৭৫০ | যশোর, খুলনা | |
| ০৪ | তোফাজ্জল হোসেন | সদস্য | ০১৮৬২-৩৪৭৫০৭ | পার্বত্য অঞ্চল, সংস্থা | |
| ০৫ | মনিরুল হক মীর | সদস্য | ০১৭৫১-২৯২০৯৩ | কুমিল্লা, চট্টগ্রাম, সিলেট | |
| ০৬ | মোঃ আবু হোসেন | সদস্য | ০১৭১৬-৩৭৪৬৩৮ | ঢাকা, ময়মনসিংহ | |
| ০৭ | মোঃ শওকত ওসমান | সদস্য | ০১৭১৬-৮০৮৫৬৭ | রংপুর, দিনাজপুর | |

সিদ্ধান্ত-০৪ঃ যেহেতু ০৩(তিন) বছর মেয়াদী কৃষি ডিপ্লোমা এবং ০৪(চার) বছর মেয়াদী কৃষি ডিপ্লোমাধারীগণ একই কারিগরী শিক্ষা বোর্ড কর্তৃক একই মানের কৃষি ডিপ্লোমাধারী বলে স্বীকৃত। এ ব্যাপারে ইতিপূর্বেই কারিগরী শিক্ষা বোর্ড স্মারক নং-বাকাশিবো/ক/কৃ/৫১১ তারিখঃ ১৪/০৮/২০০৭ মূলে কৃষি মন্ত্রণালয়কে অবহিত করেছেন। এমতাবস্থায় কর্মরত সকল ডিপ্লোমা কৃষিবিদ উপসহকারী কৃষি কর্মকর্তা/সমমানগণ যারা ১১তম গ্রেড থেকে ১০ম গ্রেডে উন্নীত হয়েছেন তাদেরকে উচ্চ ধাপে বেতন নির্ধারণ পদ্ধতি মঞ্জুরী করনের সুব্যবস্থা করার জন্য চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সিজিএ ভবন ও হিসাব মহানিয়ন্ত্রক মহোদয়কে দ্রুততার সাথে নিষ্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৫ঃ (ক) সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/সমমান শূন্য পদে পদোন্নতি/পদায়নের নিমিত্তে উপ-সহকারী কৃষি কর্তকর্তা/সমমানদের সার্ভিস বহি, তিন বছরের এসিআর, কৃষি ডিপ্লোমা সনদপত্র সহ প্রয়োজনীয় কাগজপত্রাদি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকায় আনয়ন করা হয়েছে। এমতাবস্থায় অনতিবিলম্বে সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/ সমমান শূন্য পদে পদোন্নতি/পদায়নের ব্যবস্থা গ্রহনের জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়কে পুনরায় অনুরোধ করা হলো।

(খ) বি.সি.এস কৃষি ক্যাডারের প্রারম্ভিক পদে পদোন্নতির জন্য ফিডার পদে ডিপ্লোমা কৃষিবিদ এএইও/সমমানদের চাকুরির মেয়াদ ৫ বছরের বাধ্যবাধকতা রয়েছে। চাকুরির জীবণের শেষ লগ্নে কেউ কেউ সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/সমমান পদে পদোন্নতি পেলেও ফিডার পদে ৫ বছরের বাধ্যবাধকতা থাকার কারণে বি.সি.এস ক্যাডারের প্রারম্ভিক পদ এইও/সমমান পদে পদোন্নতির কোন সুযোগই থাকে না। ফলে সুদীর্ঘকাল চাকুরি করা সত্বেও এবং পদ সংরক্ষিত থাকা সত্বেও এইও/সমমান পদে পদোন্নতি না পেয়ে হতাশা, ক্ষোভ ও দুঃখ নিয়েই অনেকেই অবসরে চলে যেতে বাধ্য হন। এহেন দুঃখজনক অবস্থার অবসান কল্পে এস.আর.ও নং-৮৬ তারিখঃ ২৩/০৯/১৯৮৬ আংশিক পরিবর্তন করে বি.সি.এস কৃষি ক্যাডারের প্রারম্ভিক পদে ডিপ্লোমা কৃষিবিদ এইও/সমমানদের ফিডার পদের কর্মকাল ৫ বছর থেকে কমিয়ে ১ বছর করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জোর দাবী জানানো হলো।

(গ) বি.সি.এস কৃষি ক্যাডারের প্রারম্ভিক পদে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের ন্যায় ডিপ্লোমা কৃষিবিদদের পদোন্নতি কোটা ২০% থেকে ৩৩.৩৪% উন্নীত করণের ব্যাপারে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মতামত চেয়ে বহু পূর্বেই কৃষি মন্ত্রণালয় থেকে খামারবাড়িতে পত্র প্রেরণ করা হয়েছিল। অদ্যাবধি এ ব্যাপারে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর থেকে কোন প্রকার মতামত প্রদান না করায় অত্র সভায় গভীর ক্ষোভ প্রকাশ করা হয়। অনতিবিলম্বে এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়কে পুনরায় অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৬ঃ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্মারক নং-১০৪৫ তারিখঃ ০১ সেপ্টম্বর ২০১৫ পত্র মূলে সিদ্ধান্ত-খ এর আলোকে ডিপ্লোমা কৃষিবিদদের পরিচিত পরিবেশে চাকুরি করার বিধান রয়েছে বিধায় মাঠে ময়দানে কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানগণকে নিজ জেলার বাইরে বদলী/পদায়ন না করার জন্য এবং বর্তমানে যে সকল উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদধারীগণ জেলার বাহিরে পদায়িত আছে তাদেরকে অনতিবিলম্বে নিজ জেলায় পদায়নের জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা মহোদয়কে পুনরায় অনুরোধ করা হলো।

হোসেন

সিদ্ধান্ত-০৭ঃ কৃষি মন্ত্রণালয়ের আওয়াতধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং বিভিন্ন বিভাগ ও সংস্থায় কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের বেতনস্কেল ১০ম গ্রেডে উন্নীত করণ ও ২য় শ্রেণীর পদ মর্যাদার বিষয়টি গেজেট আকারে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য কৃষি মন্ত্রণালয়, জনপ্রশাসন মন্ত্রণালয় সহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জোর দাবী জানানো হলো।

সিদ্ধান্ত-০৮ঃ কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং-১০৪১ তারিখঃ ২২/১০/২০১৮ইং মাধ্যমে কৃষি মন্ত্রণালয়ের অধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের বেতনস্কেল ১১তম গ্রেড থেকে ১০ম গ্রেডে উন্নীত করার প্রজ্ঞাপন জারী করা হয়। প্রজ্ঞাপনে সন্নিবেশিত শর্তে অতি সত্তর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিয়োগ বিধি পরিবর্তনের সুনিদিষ্ট নির্দেশনা থাকা সত্ত্বেও অদ্যাবধি নিয়োগবিধি পরিবর্তন করা হয় নি। এমতাবস্থায় নিয়োগ বিধি পরিবর্তনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জোর দাবী জানানো হলো।

পরিশেষে সভার সভাপতি উপস্থিত সকল নেতৃবৃন্দকে সংগঠনের বৃহত্তর স্বার্থে পারস্পরিক সৌহার্দ ও সম্প্রীতি বজায় রেখে বিভাগীয় ও সাংগঠনিক কার্যক্রমকে ত্বরান্বিত করার লক্ষ্যে অর্পিত দায়িত্ব পালনে আন্তরিক হওয়ার অনুরোধ করে কৃষকদের আর্থ-সামাজিক উন্নয়নে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনের উদাত্ত আহবান জানান এবং উপস্থিত নেতৃবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-জিয়াউল হায়দার পলাশ
আহবায়ক
ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ
০১৭১১-৮৩৪৮৫৫

স্মারক নং-১৫৪(৭৫০) তারিখঃ ৩১/০৮/২০২৪ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১. মাননীয় প্রধান উপদেষ্টা, বাংলাদেশ অন্তর্বর্তীকালীন সরকার।
০২. মাননীয় অর্থ উপদেষ্টা, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ অন্তর্বর্তীকালীন সরকার ।
০৩. মাননীয় কৃষি উপদেষ্টা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ অন্তর্বর্তীকালীন সরকার ।
০৪. মাননীয় সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. মাননীয় সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. মাননীয় মহা-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
০৭. মাননীয় মহা-পরিচালক, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমী, গাজীপুর।
০৮. মাননীয় মহা-পরিচালক, বি.এ.আর.আই/বি.আর.আর.আই/বি.জে.আর.আই/বিনা/বি.এস.আর.আই, ......................।
০৯. মাননীয় নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা/বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী, ................।
১০. মাননীয় পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।
১১. মাননীয় পরিচালক, ..........................................................................।
১২. মাননীয় অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ............................ অঞ্চল।
১৩. মাননীয় অধ্যক্ষ, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট(এটিআই), ....................................।
১৪. মাননীয় উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ................................... জেলা।
১৫. ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় আহবায়ক কমিটির সকল নেতৃবৃন্দ।
১৬. সভাপতি/সাধারণ সম্পাদক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, ..........অঞ্চল/জেলা/ঢাকা মহানগর/সংস্থা শাখা।
১৭. সভাপতি/সাধারণ সম্পাদক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, .......... উপজেলা শাখা, .................. জেলা।
১৮. জনাব.............................................................................।

৩১/০৮/২০২৪

(সৈয়দ জাহীদ হোসেন)
সদস্য সচিব
ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ।
০১৭৮১-৪৮৮৭৬১